দৈনিক ইত্তেফাক

তারিখ 18 AUG 1994
পৃষ্ঠা ১ কলাম ২

12

# বুয়েট বন্ধ ঘোষণা ।।
## নির্বাচন স্থগিত

ইত্তেফাক রিপোর্ট ।। অব্যাহত সন্ত্রাসী ঘটনার প্রেক্ষিতে প্রকৌশল বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ এবং ইউকসু নির্বাচন স্থগিত ঘোষণা করা হইয়াছে। গতকাল প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের জরুরী সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সিদ্ধান্ত অনুযায়ী আজ (বৃহস্পতি-

(১১শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

### বুয়েট বন্ধ

(১ম পৃঃ পর)

বার) সকাল ১০ টার মধ্যে ছাত্র-ছাত্রীদের হল ত্যাগ করিতে হইবে। বিশ্ববিদ্যালয় এলাকায় সকল রকমের সভা-সমাবেশ মিছিল শ্লোগান নিষিদ্ধ ঘোষণা এবং ক্যাম্পাসে সৃষ্ট সন্ত্রাসী ঘটনায় জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের আহ্বান জানান হইয়াছে।

গতরাতে বিশ্ববিদ্যালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয় ইউকসু নির্বাচনকে কেন্দ্র করিয়া বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন আবাসিক হল একাডেমিক ক্যাম্পাস ও শিক্ষকদের আবাসিক ভবনে কতিপয় উশৃংখল ছাত্র ব্যাপক বোমা বাজি ও সন্ত্রাসী কার্যকলাপের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের সার্বিক শান্তি শৃংখলা বিনষ্ট করিয়াছে। এইসব উচ্ছৃংখল ছাত্র মারাত্মক আগ্নেয়াস্ত্র সহকারে মিছিল, বিভিন্ন হলের কক্ষ ভাংচুর, ক্লাস চলাকালে ক্লাসে বোমা নিক্ষেপ, কিছু সংখ্যক ছাত্রকে মারধর এবং ক্লাসে যোগদানে ইচ্ছুক ছাত্র-ছাত্রীদের বাধা প্রদান করিয়াছে। ইহার ফলে বিশ্ববিদ্যালয়ের সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতির চরম অবনতি ঘটিয়াছে এবং শিক্ষার পরিবেশ দারুণভাবে বিঘ্নিত হইয়াছে। ক্যাম্পাসে বহিরাগতদের আনাগোনাও বৃদ্ধি পাইয়াছে। সাধারণ ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা, কর্মকর্তা, কর্মচারিগণ নিরাপত্তাহীনতায় ভুগিতেছেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সর্বাত্মক প্রচেষ্টা সত্বেও পরিস্থিতির ক্রমাবনতি রোধ করা সম্ভব হইতেছে না। এমতাবস্থায় বিশ্ববিদ্যালয়ের সার্বিক শৃংখলা বজায় রাখা ও জানমালের নিরাপত্তা বিধানের স্বার্থে বিশ্ববিদ্যালয়ের ক্লাস অনির্দিষ্টকালের জন্য বন্ধ এবং ইউকসু নির্বাচন স্থগিত ঘোষণা করা হইল।

এদিকে গতকালও ক্যাম্পাসের অবস্থা ছিল থমথমে। বিচ্ছিন্নভাবে সারাদিন থামিয়া থামিয়া ৩০/৪০টি বোমা বিস্ফোরিত হয়। সকালে ক্যাম্পাসে ছাত্রলীগের (ম-ই) উদ্যোগে একটি বিক্ষোভ মিছিল বাহির হয়। পরে এক ছাত্র সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে সংগঠনের বুয়েট শাখার সভাপতি মঞ্জুরুল হক মঞ্জু, আতাউল মাহমুদ প্রমুখ বক্তৃতা করেন।

ছাত্রলীগ (ম-ই) সভাপতি মঈনুদ্দিন হাসান চৌধুরী ও সাধারণ সম্পাদক ইকবালুর রহীম এক বিবৃতিতে সংগঠনের বুয়েট শাখার সভাপতি মঞ্জুরুল হক মঞ্জু, সাধারণ সম্পাদক আতাউল মাহমুদ, খায়রুল বাশারসহ দশজন নেতার নামে দায়েরকৃত মামলা অবিলম্বে প্রত্যাহারের দাবী জানাইয়াছেন।

ছাত্র দল বুয়েট শাখা গতকাল জাতীয় প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে বুয়েট ক্যাম্পাসে সৃষ্ট সন্ত্রাসী ঘটনার জন্য ছাত্রলীগকে (ম-ই) দায়ী করিয়া বলিয়াছে, ইউকসু নির্বাচনে নিজেদের পরাজয় ও ছাত্র দলের নিশ্চিত বিজয়কে ঠেকাইবার জন্য তাহারা এই সন্ত্রাসী ঘটনার আশ্রয় গ্রহণ করে। সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন নাজমুস শাকের নিপুণ। নিয়ামুল হুদা খান তৌহিদ, জাহাঙ্গীর আলম, কাজী ফজলুল করিম প্রমুখ এ সময় উপস্থিত ছিলেন।